রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ৩, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২৬১-আইন/২০২৫/৭১/কাস্টমস।**—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১৫৪ হইতে ধারা ১৬০ এবং দ্বিতীয় তফসিলের ক্রমিক নং (১৬) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা অপর্যটক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা পর্যটক (Tourist) যাত্রী, প্রিভিলেজড পার্সন (Privileged Person), ট্রানজিট যাত্রী ও ক্রু এবং উপকূলীয় পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(৩) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ৩০ (ত্রিশ) দিন পর হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"আইন"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) **"আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ (unaccompanied baggage)"** অর্থ যাত্রীর সঙ্গে আনীত হয় নাই এইরূপ ব্যাগেজ;

(গ) **''তফসিল''** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) **''ব্যাগেজ''** অর্থ কোনো যাত্রী কর্তৃক আমদানিকৃত যুক্তিসংগত পরিমাণের খাদ্যদ্রব্য, পরিধেয়, গৃহস্থালি বা অন্যবিধ ব্যক্তিগত সামগ্রী, যাহার প্রতিটি আইটেমের ওজন ১৫ (পনেরো) কেজির অধিক নহে;

(ঙ) **''যাত্রী''** অর্থ বিদেশ হইতে আগত কোনো অপর্যটক যাত্রী (Non-Tourist); এবং

(চ) **"স্বর্ণালংকার"** অর্থ ২২ (বাইশ) বা তদ্‌নিম্ন ক্যারেটের স্বর্ণ দ্বারা নির্মিত নকশা খচিত ও পরিধানযোগ্য অলংকার।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **আকাশ এবং জলপথে আগত যাত্রীর শুল্ক ও কর সুবিধা।**—(১) আকাশ এবং জলপথে আগত ১২ (বারো) বৎসর বা তদূর্ধ্ব বয়সের যাত্রীর সহিত আনীত হাতব্যাগ, কেবিনব্যাগ বা অন্যবিধ উপায়ে আনীত মোট ৬৫ (পঁয়ষট্টি) কিলোগ্রাম ওজনের অতিরিক্ত নহে এইরূপ ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যাগেজের অতিরিক্ত অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) কিলোগ্রাম ওজনের আনীত পরিধেয় বস্ত্র, ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী, বই, সাময়িকী এবং পড়াশুনার সামগ্রী সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য হইবে।

(৩) ১২ (বারো) বৎসরের কম বয়সের যাত্রীর ক্ষেত্রে অনধিক ৪০ (চল্লিশ) কিলোগ্রাম ওজনের একটি কার্টন, ব্যাগ বা অন্যবিধ উপায়ে আনীত ব্যক্তিগত ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য হইবে, তবে বর্ণিত এই সুবিধা ব্যতীত অন্য কোনো প্রকার সুবিধা ১২ (বারো) বৎসরের কম বয়সের যাত্রী প্রাপ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, স্বর্ণবার/স্বর্ণপিন্ড/রৌপ্যবার/ রৌপ্যপিন্ড/মদ বা মদ জাতীয় পানীয় এবং স্বর্ণালংকার/রৌপ্য অলংকার/ ১ কার্টন (২০০ শলাকা) সিগারেট আমদানির সুবিধা ১২ (বারো) বৎসরের কম বয়সের যাত্রীর জন্য প্রযোজ্য হইবে না।

(৪) আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ এর ক্ষেত্রে তফসিল-১ এ বিধৃত ফরমে ঘোষণা প্রদান ও আমদানির সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করিয়া এবং আমদানি নীতি আদেশের শর্ত পরিপালনপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে, খালাস করা যাইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ খালাসের সময় তফসিল-১ এ বর্ণিত ব্যাগেজ ঘোষণা ফরমের একটি অনুলিপি সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, যাত্রীর সহিত বুকিংকৃত ব্যাগেজ কোনো কারণে যাত্রীর সহিত না আসিলে উক্ত ব্যাগেজ এইরূপে খালাস করা হইবে যেন উক্ত ব্যাগেজ যাত্রীর সহিত আনিত হইয়াছে।

(৫) এই বিধিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, একজন যাত্রী তফসিল-৩ এ উল্লিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে এবং তফসিল-২ এ উল্লিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য উক্ত তফসিলে উল্লিখিত শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে আমদানি করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, একজন যাত্রী সর্বোচ্চ ২ (দুই)টি ব্যবহৃত মোবাইল ফোন ও প্রতি বৎসরে কেবল ০১ (এক) বার ০১ (এক) টি নূতন মোবাইল ফোন শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন, তবে ইহার অতিরিক্ত আমদানিকৃত মোবাইল ফোনের ক্ষেত্রে বিধি ১০ ও অন্যান্য প্রচলিত বিধিবিধান প্রযোজ্য হইবে।

(৬) একজন বিদেশি পাসপোর্টধারী যাত্রী ১ (এক) লিটার পর্যন্ত মদ বা মদ্য জাতীয় পানীয় (যেমন-স্পিরিট, বিয়ার, ইত্যাদি) সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, বাংলাদেশি পাসপোর্টধারী কোনো যাত্রী মদ বা মদ্য জাতীয় পানীয় আমদানি করিতে পারিবেন না।

(৭) কোনো যাত্রী তফসিল-২ এবং তফসিল-৩ এ উল্লিখিত পণ্য বিদেশ হইতে সঙ্গে না আনিয়া থাকিলে, উক্ত পণ্য তফসিল-৪ এ বিধৃত ফরমে উল্লেখ করিয়া বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে তাহার আগমনের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে পারিবেন।

(৮) একজন যাত্রী তাহার পেশাগত কাজে ব্যবহার্য এবং সহজে বহনযোগ্য যন্ত্রপাতি সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৯) একজন যাত্রী পরিহিত অবস্থায় থাকুক বা না থাকুক, সর্বমোট ১ (এক) শত গ্রাম ওজনের স্বর্ণালংকার অথবা ২ (দুই) শত গ্রাম ওজনের রৌপ্যের অলংকার (যেখানে একই প্রকার অলংকার ১২ (বারো) টির অধিক নয়) ঘোষণা প্রদানের মাধ্যমে এবং সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে প্রতি বৎসরে ০১ (এক) বার আমদানি করিতে পারিবেন।

(১০) একজন যাত্রী বিদেশ হইতে দেশে আগমনকালে ঘোষণা প্রদানের মাধ্যমে অনধিক ১১৭ (একশত সতেরো) গ্রাম বা ১০ (দশ) তোলা ওজনের স্বর্ণবার বা স্বর্ণপিন্ড অথবা ২৩৪ (দুইশত চৌত্রিশ) গ্রাম বা ২০ (বিশ) তোলা ওজনের রৌপ্যবার বা রৌপ্যপিন্ড সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে প্রতি বৎসরে ১ (এক) বার আমদানি করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উল্লিখিত পরিমাণের অতিরিক্ত যে কোনো পরিমাণ স্বর্ণবার বা স্বর্ণপিন্ড অথবা রৌপ্যবার বা রৌপ্যপিন্ড আনয়ন করিলে বা যে কোনো পরিমাণ স্বর্ণবার বা স্বর্ণপিন্ড অথবা রৌপ্যবার বা রৌপ্যপিন্ড লুক্কায়িত অবস্থায় আনয়ন করিলে উহা আইন অনুযায়ী বাজেয়াপ্ত হইবে।

৪। **স্থল পথে আগত যাত্রীর জন্য সুবিধা।**—বিদেশে অবস্থানের মেয়াদ নির্বিশেষে স্থলপথে আগত একজন যাত্রী সর্বোচ্চ ৪ (চার) শত মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সুবিধা একজন যাত্রী এক পঞ্জিকা বৎসরে ৩ (তিন) বারের অধিক প্রাপ্য হইবেন না।

৫। **অসুস্থ, পঙ্গু ও বৃদ্ধ যাত্রীর জন্য সুবিধা।**—আকাশপথ, জলপথ বা স্থলপথে আগত একজন অসুস্থ, পঙ্গু অথবা বৃদ্ধ যাত্রীর ব্যবহার্য চিকিৎসা যন্ত্রপাতি ও হুইল চেয়ার সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

৬। **ক্রু, নাবিক এবং অন্যান্যদের জন্য সুবিধা।**—(১) পেশাগত দায়িত্ব পালন শেষে বিদেশ হইতে আগত বাংলাদেশি এয়ারলাইন্সে কর্তব্যরত কোনো বাংলাদেশি ক্রু বা কর্মকর্তা অথবা বাংলাদেশের কোনো বিমানবন্দরে ফ্লাইট পরিচালনাকারী কোনো বিদেশি এয়ারলাইন্সে কর্তব্যরত কোনো বাংলাদেশি ক্রু বা কর্মকর্তা সর্বোচ্চ ৩ (তিন) শত মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(২) বিদেশি সমুদ্রবন্দর হইতে আগমনকারী কোনো জাহাজের বাংলাদেশি নাবিক বা কর্মকর্তা সর্বোচ্চ ৩ (তিন) শত মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত নাবিক বা কর্মকর্তা সাইন অফ (sign off) করিলে তিনি অনূর্ধ্ব ২ (দুই) হাজার মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ আরোপযোগ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধক্রমে আমদানি করিতে পারিবেন।

(৪) বিদেশ হইতে আগত যাত্রীবাহী বাসের চালক ও স্টুয়ার্ডগণ (হেলপার বা অ্যাসিস্টেন্ট) পরিধেয় বস্ত্র, বিছানা (বেডিং) ও রন্ধনকৃত খাদ্যসামগ্রী এবং সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) মার্কিন ডলার মূল্যের ব্যক্তিগত ও গৃহস্থালি পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

৭। **গ্রিন এবং রেড চ্যানেল ব্যবহার।**—(১) কোনো যাত্রী শুল্ক ও কর আরোপযোগ্য পণ্য বহন না করিলে তিনি বিমানবন্দরের গ্রিন চ্যানেল, যদি থাকে, ব্যবহার করিতে পারিবেন।

(২) গ্রিন চ্যানেল অতিক্রমকারী সর্বোচ্চ ৫% (পাঁচ শতাংশ) যাত্রীর ব্যাগেজ দৈবচয়নের ভিত্তিতে কাস্টমস কর্মকর্তা কর্তৃক স্ক্যানিং ও পরীক্ষা করা যাইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো কাস্টমস কর্মকর্তা, যুক্তিসংগত কারণে বা গোয়েন্দা তথ্যের ভিত্তিতে গ্রিন চ্যানেল অতিক্রমকারী যে কোনো যাত্রীর ব্যাগেজ স্ক্যানিং ও পরীক্ষা করিতে পারিবেন।

৮। **সকল যাত্রীর জন্য কাস্টমস ঘোষণাপত্রের বিধান।**—(১) বিদেশ হইতে আগত সকল যাত্রীকে তফসিল-১ এ বর্ণিত ব্যাগেজ ঘোষণা ফরম পূরণ করিয়া অথবা অনলাইনে কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(২) আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ এর ক্ষেত্রে কাস্টমস হল (Customs hall) বা কাস্টমস এলাকা ত্যাগ করিবার পূর্বেই যাত্রী কর্তৃক কাস্টমস কর্তৃপক্ষের নিকট তফসিল-১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে হইবে।

(৩) ভুলবশত অথবা অন্য কোনো অনিবার্য কারণে, উপ-বিধি (১) ও উপ-বিধি (২) এর বিধান মোতাবেক কোনো যাত্রী কর্তৃক ব্যাগেজ ঘোষণা প্রদান করা সম্ভব না হইলে উক্ত যাত্রীর আগমনের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট অ্যাসিস্টেন্ট কমিশনার অব কাস্টমস এর নিম্নে নহেন এইরূপ কাস্টমস কর্মকর্তার নিকট তফসিল-১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া তিনি ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে পারিবেন।

(৪) একজন যাত্রী ১ (এক) পঞ্জিকা বৎসরে কেবল একবার আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ আনিতে পারিবেন।

(৫) একজন যাত্রী উৎস দেশ অর্থাৎ যে দেশ হইতে যাত্রা আরম্ভ করিয়াছেন কেবল সেই দেশ হইতে আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ, যদি থাকে, আনয়ন করিতে পারিবেন।

(৬) যাত্রী কর্তৃক ব্যাগেজ ঘোষণা দাখিলকালে আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ প্রেরণের জন্য প্রদত্ত বুকিং এর প্রমাণক দলিলাদি ঘোষণাপত্রের সহিত উপস্থাপন করিতে হইবে।

৯। **মৃত ব্যক্তির ক্ষেত্রে অব্যাহতি।**—এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোনো বাংলাদেশি নাগরিক বিদেশে মৃত্যুবরণ করিলে তাহার ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর প্রদান হইতে অব্যাহতি পাইবে।

১০। **ব্যাগেজ সুবিধার অতিরিক্ত পরিমাণ পণ্য আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর।**—এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোনো যাত্রী তফসিল-২ এবং তফসিল-৩ এ উল্লিখিত পণ্যের অতিরিক্ত বা ভিন্ন কোনো পণ্য, আমদানি নীতি আদেশ বা অন্য কোনো আইনের অধীন নিয়ন্ত্রিত বা নিষিদ্ধ পণ্য ব্যতীত, আমদানি করিলে প্রধান আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের ছাড়পত্র উপস্থাপন সাপেক্ষে, আইন অনুযায়ী ন্যায়-নির্ণয়নপূর্বক (adjudication) প্রদেয় সমুদয় শুল্ক ও কর, অর্থদণ্ড ও জরিমানা, প্রযোজ্য ক্ষেত্রে, পরিশোধ সাপেক্ষে খালাস করিতে পারিবেন।

১১। **রহিতকরণ ও হেফাজত।**—(১) অপর্যটক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৪, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্যক্রম চলমান থাকিলে উহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

[বিধি ৩ এর উপ-বিধি (৪) এবং বিধি ৮ এর উপ-বিধি (১), (২) ও (৩) দ্রষ্টব্য]

**ব্যাগেজ ঘোষণা ফরম**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | যাত্রীর নাম (Name of the Passenger): | | | |
| ২। | পাসপোর্ট নং (Passport Number): | | | |
| ৩। | জাতীয়তা (Nationality): | | | |
| ৪। | আগমনের তারিখ (Date of arrival): | | (দিন/মাস/বৎসর) (DD/MM/YYYY) | |
| ৫। | ফ্লাইট নং (Flight No.): | | | |
| ৬। | ব্যাগেজের সংখ্যা (Number of baggage): | | | |
| ৭। | কোন দেশ হইতে আগমন (Country from where coming): | | | |
| ৮। | আপনি বিগত ১ (এক) মাসে যে সকল দেশ ভ্রমণ করিয়াছেন (Countries you have travelled in the last one month): | | দেশের নাম (Name of the Country) | ভ্রমণের তারিখ (Travel Date) |
| | | (ক) | | |
| | | (খ) | | |
| | | (গ) | | |
| ৯। | শুল্ক ও কর আরোপযোগ্য আমদানিকৃত পণ্যের মোট মূল্য (টাকায়) [Total value of dutiable goods being imported (Tk.)]: | | | |

১০। আপনি কী নিম্নবর্ণিত পণ্যসমূহ বাংলাদেশে আনিয়াছেন (Are you bringing the following items into Bangladesh):

| | | |
|---|---|---|
| (ক) | তফসিল-২ এ বর্ণিত একটির অধিক শুল্ক ও কর আরোপযোগ্য কোনো পণ্য (More than one of any goods which are dutitable as described in Schedule-2) | হ্যাঁ/না (Yes/No) |
| (খ) | তফসিল-৩ এ বর্ণিত শুল্ক ও কর মুক্ত একটির অধিক কোনো পণ্য (মোবাইল ফোনের ক্ষেত্রে দুটির অধিক) [ More than one of any goods (More than two for cellular phone) which are duty free as described in Schedule-3] | হ্যাঁ/না (Yes/No) |

| | | |
|---|---|---|
| (গ) | আমদানি নিষিদ্ধ পণ্য (Prohibited articles) | হ্যাঁ/না (Yes/No) |
| (ঘ) | ১ (এক) শত গ্রাম ওজনের উর্ধ্বে স্বর্ণালংকার বা ২ (দুই) শত গ্রাম ওজনের উর্ধ্বে রৌপ্যের তৈরি অলংকার [Gold jewellery in excess of 100 gm or Silver jewellery in excess of 200 gm | হ্যাঁ/না (Yes/No) |
| (ঙ) | প্রাপ্যতা সীমার উর্ধ্বে (১১৭ গ্রাম স্বর্ণ/২০০ গ্রাম রুপা) যেকোনো পরিমাণ স্বর্ণ বা রৌপ্যের বার বা পিন্ড [Gold or Silver Bar or Bullion in excess of allowable limit (117 Gram Gold/200 Gram Silver)] | হ্যাঁ/না (Yes/No) |
| (চ) | প্রতি বৎসরে ০১ (এক) বার স্বর্ণবার/স্বর্ণপিন্ড/রৌপ্যবার/রৌপ্যপিন্ড/ স্বর্ণালংকার/রুপার অলংকার (Gold or Silver Bar or Bullion or Gold or Silver ornaments once every year) | |
| (ছ) | মাংস এবং মাংস দ্বারা তৈরি পণ্য/ডেইরি প্রোডাক্টস/মাছ/পোলট্রি প্রোডাক্টস (Meat and meat products/dairy products/fish/poultry products) | হ্যাঁ/না (Yes/No) |
| (জ) | বীজ/গাছের চারা/ফলমূল/ফুল/অন্যান্য উদ্ভিজ্জ পণ্য (Seeds/plants/fruits/ flowers/other planting materials) | হ্যাঁ/না (Yes/No) |
| (ঝ) | নূতন মোবাইল/সেলুলার ফোন ( New Mobile/cellular phone) | হ্যাঁ/না (Yes/No) |
| (ঞ) | ১০ (দশ) হাজার মার্কিন ডলারের অতিরিক্ত বা তাহার সমপরিমাণ অর্থের অধিক কোনো বৈদেশিক মুদ্রা (Foreign currency exceeding US $ 10,000 or equivalent) [এক্ষেত্রে $10,000 এর অধিক বৈদেশিক মুদ্রা থাকলে কাস্টমস হলে বৈদেশিক মুদ্রা ফরমে পৃথকভাবে ঘোষণা প্রদান করিতে হইবে] | হ্যাঁ/না (Yes/No) |

উপরি-উক্ত কোনো প্রশ্নের জবাব যদি হ্যাঁ হয়, তাহা হইলে অনুগ্রহ করিয়া রেড চ্যানেলে কর্তব্যরত কাস্টমস কর্মকর্তাকে অবহিত করুন (Please report to Customs Officer at the Red Channel counter in case answer to any of the above questions is 'Yes'.)

স্বাক্ষর (Signature):
রেভিনিউ অফিসার
(Revenue Officer)

যাত্রীর স্বাক্ষর (পাসপোর্ট অনুসারে):
Signature of the Passenger
(according to Passport)
তারিখ (Date):

## তফসিল-২

[বিধি ৩ এর উপ-বিধি (৫) ও (৭) এবং বিধি ১০ দ্রষ্টব্য]

**শুল্ক ও কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা**

(ক) ব্যক্তিগত এবং গৃহস্থালি কার্যে ব্যবহৃত হয় না এইরূপ কোনো পণ্য।

(খ) বিধি ৩ এ বর্ণিত প্রাপ্যতা সীমার অতিরিক্ত আনীত ব্যাগেজ।

(গ) ব্যাগেজে আমদানিকৃত বাণিজ্যিক পরিমাণে যে কোনো পণ্য।

(ঘ) নিম্নবর্ণিত গৃহস্থালি ও ব্যক্তিগত পণ্য ব্যাগেজ হিসাবে আমদানি হইলেও প্রতিটির পার্শ্বে উল্লিখিত নির্দিষ্ট পরিমাণ শুল্ক ও কর পরিশোধ করিতে হইবে, যথা:—

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | শুল্ক ও কর এর পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | Plasma, LCD, TFT, LED ও অনুরূপ প্রযুক্তির টেলিভিশন : | |
| | (ক) ৩০″ - ৩৬″ পর্যন্ত | ১০,০০০/- টাকা |
| | (খ) ৩৭″ - ৪২″ পর্যন্ত | ২০,০০০/- টাকা |
| | (গ) ৪৩″ - ৪৬″ পর্যন্ত | ৩০,০০০/- টাকা |
| | (ঘ) ৪৭″ - ৫২″ পর্যন্ত | ৫০,০০০/- টাকা |
| | (ঙ) ৫৩″ - ৬৫″ পর্যন্ত | ৭০,০০০/- টাকা |
| | (চ) ৬৬″ থেকে তদূর্ধ্ব | ৯০,০০০/- টাকা |
| ২। | ৪ (চার) এর অধিক তবে সর্বোচ্চ ৮ (আট)টি স্পিকারসহ (মিউজিক সেন্টার)/স্পিকার নির্বিশেষে হোম থিয়েটার (সিডি/ ভিসিডি/ ডিভিডি/ এলডি/ এমডি/ব্লু রেডিস্ক সেট) | ৮,০০০/- টাকা |
| ৩। | রেফ্রিজারেটর/ডিপ ফ্রিজার | ৫,০০০/- টাকা |
| ৪। | এয়ার কুলার/এয়ার কন্ডিশনার | |
| | (ক) উইনডো টাইপ (window type) | ৭,০০০/- টাকা |
| | (খ) স্প্লিট টাইপ (split type upto 18000 BTU) | ১৫,০০০/- টাকা |
| | (গ) স্প্লিট টাইপ (split type above 18000 BTU) | ২০,০০০/- টাকা |
| ৫। | ডিশ এন্টেনা | ৭,০০০/- টাকা |
| ৬। | স্বর্ণবার বা স্বর্ণপিন্ড (সর্বোচ্চ ১১৭ গ্রাম বা ১০ তোলা) | প্রতি ১১.৬৬৪ গ্রাম ৫০০০/- টাকা |
| ৭। | রৌপ্যবার বা রৌপ্যপিন্ড (সর্বোচ্চ ২৩৪ গ্রাম বা ২০ তোলা) | প্রতি ১১.৬৬৪ গ্রাম ৬/- টাকা |

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | শুল্ক ও কর এর পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮। | HD Cam, DV Cam, BETA Cam, DSLR, Mirrorless, Interchangeable lens এবং Professional কাজে ব্যবহৃত হয় এইরূপ ক্যামেরা | ১৫,০০০/- টাকা |
| ৯। | এয়ারগান/এয়ার রাইফেল (বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে আমদানিযোগ্য) | ৫,০০০/- টাকা |
| ১০। | ঝাড়বাতি | ৩০০/- টাকা (প্রতি পয়েন্ট) |
| ১১। | ডিশ ওয়াশার/ওয়াশিং মেশিন/ক্লথ ড্রাইয়ার | ৩,০০০/- টাকা |

## তফসিল-৩

[ বিধি ৩ এর উপ-বিধি (৫) ও (৭) এবং বিধি ১০ দ্রষ্টব্য ]

**শুল্ক ও কর মুক্ত পণ্যের তালিকা**

| ক্রমিক নং | পণ্যের নাম |
|---|---|
| (১) | (২) |
| ১। | ডেস্কটপ/ল্যাপটপ কম্পিউটার (একটি ইউপিএসসহ) ; |
| ২। | কম্পিউটার স্ক্যানার ; |
| ৩। | কম্পিউটার প্রিন্টার ; |
| ৪। | ভিডিও ক্যামেরা (HD Cam, DV Cam, BETA Cam, DSLR, Mirrorless, Interchangeable lens এবং Professional কাজে ব্যবহৃত হয় এইরূপ ক্যামেরা ব্যতীত) ; |
| ৫। | স্টিল ক্যামেরা/ডিজিটাল ক্যামেরা (DSLR, Mirrorless, Interchangeable lens ক্যামেরা ও Professional কাজে ব্যবহারযোগ্য ক্যামেরা ব্যতীত); |
| ৬। | সাধারণ/ইলেকট্রিক ওভেন/ মাইক্রোওয়েভ ওভেন ; |
| ৭। | রাইস কুকার/প্রেসার কুকার/গ্যাস ওভেন (বার্নারসহ) |
| ৮। | টোস্টার/স্যান্ডউইচ মেকার/ব্লেন্ডার/ফুড প্রসেসর/জুসার/ কফি মেকার; |
| ৯। | গৃহস্থালি সেলাই মেশিন (ম্যানুয়াল/ বৈদ্যুতিক) ; |
| ১০। | টেবিল/ প্যাডেস্টাল ফ্যান/গৃহস্থালি সিলিং ফ্যান ; |
| ১১। | স্পোর্টস সরঞ্জাম (ব্যক্তিগত ব্যবহারের জন্য); |
| ১২। | ১ (এক) শত গ্রাম ওজনের স্বর্ণালংকার ও ২ (দুই) শত গ্রাম ওজনের রৌপ্য অলংকার (একই প্রকার অলংকার ১২টির অধিক হইবে না) ; |
| ১৩। | ১ কার্টন (২০০ শলাকা) সিগারেট; |
| ১৪। | ২৯″ পর্যন্ত Plasma, LCD, TFT, LED অনুরূপ প্রযুক্তির টেলিভিশন এবং Cathod Ray Tube (CRT) সাদাকালো/রঙ্গিন টেলিভিশন; |
| ১৫। | সাধারণ সিডি ও দুইটি স্পিকারসহ কম্পোনেন্ট (মিউজিক সেন্টার) (সিডি/ ভিসিডি/ ডিভিডি/এলডি/ এমডি সেট); |
| ১৬। | ৪ (চার)টি স্পিকারসহ কম্পোনেন্ট (মিউজিক সেন্টার) সিডি/ভিসিডি/ডিভিডি/ এলডি/ এমডি/ব্লু রেডিস্ক প্লেয়ার; |
| ১৭। | ২ (দুই)টি ব্যবহৃত মোবাইল/সেলুলার ফোন সেট; |
| ১৮। | ১ (এক)টি নূতন মোবাইল/সেলুলার ফোন সেট; |
| ১৯। | সর্বোচ্চ ১৫ বর্গমিটার আয়তন বিশিষ্ট একটি কার্পেট। |

তফসিল-৪

[ বিধি ৩ এর উপ-বিধি (৭) দ্রষ্টব্য ]

**পণ্য ক্রয় সংক্রান্ত ফরম**

[ঘোষিত পণ্য যাত্রী আগমনের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে হইবে]

১। যাত্রীর নাম:

২। পাসপোর্ট নং:

৩। ফ্লাইট নং:

৪। আগমনের তারিখ:

৫। তফসিল-২ এবং তফসিল-৩-ভুক্ত যে সকল পণ্য বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে ক্রয় করিতে ইচ্ছুক (অপর্যটক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৪ এর অধীনে প্রাপ্যতা অনুসারে তফসিল-২ এবং তফসিল-৩-ভুক্ত যে সকল পণ্য সঙ্গে আনা হইয়াছে, তাহার সহিত সমন্বয় করিয়া দায়িত্বে নিয়োজিত কাস্টমস কর্মকর্তা যাত্রী কর্তৃক ঘোষিত পণ্যের প্রাপ্যতা নির্ধারণ করিবেন):

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | সংখ্যা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | |

যাত্রীর স্বাক্ষর

অ্যাসিস্টেন্ট রেভিনিউ অফিসার এর স্বাক্ষর (নামীয় সীলসহ)

অ্যাসিস্টেন্ট/ডেপুটি কমিশনার অব কাস্টমস (Assistant/Deputy Commissioner of Customs) এর স্বাক্ষর (নামীয় সীলসহ)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd